

# কুমিল্লা বোর্ডে বেড়েছে জিপিএ ৫, পাসের হার ৭১.১৫

কুমিল্লা প্রতিনিধি

১৫ অক্টোবর, ২০২৪  
১৪:০৮

শেয়ার

অ +

অ -



কুমিল্লা শিক্ষা বোর্ডে এইচএসসিতে এবারের পাসের হার ৭১ দশমিক ১৫ শতাংশ। গত বছরের এইচএসসি পরীক্ষায় এ বোর্ডে পাসের হার ছিল ৭৫ দশমিক ৩৯ শতাংশ। সে হিসাবে পাসের হার কমলেও গত বছরের তুলনায় এবার বেড়েছে জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা। গত বছরের পরীক্ষায় এ বোর্ডে জিপিএ ৫ পাওয়া পরীক্ষার্থীর সংখ্যা ছিল পাঁচ হাজার ৬৫৫ জন।

এ বছর কুমিল্লা শিক্ষা বোর্ডে জিপিএ ৫ পেয়েছেন সাত হাজার ৯২২ জন পরীক্ষার্থী। এই শিক্ষা বোর্ডে গত বছরের মতো এবারও ছেলেদের তুলনায় সাফল্যে এগিয়ে রয়েছে মেয়েরা।

মঙ্গলবার (১৫ অক্টোবর) সকাল ১১টায় কুমিল্লা শিক্ষা বোর্ডের অডিটোরিয়ামে সংবাদ সম্মেলনে পরীক্ষার ফলাফল ঘোষণা করেন কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. নিজামুল করিম। এ সময় বোর্ডের সচিব অধ্যাপক নূর মোহাম্মদ, পরীক্ষা নিয়ন্ত্রক ড. মো. আসাদুজ্জামানসহ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লার কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অধ্যাপক ড. মো. নিজামুল করিম জানান, কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষ্মীপুর ও ফেনী- এই ছয় জেলার ৪৩৩ শিক্ষাপ্রতিষ্ঠানের এক লাখ ১২ হাজার ৩১২ পরীক্ষার্থী এবারের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে মেয়ে ৬৪ হাজার ২৪৭ জন এবং ছেলে ৪৮ হাজার ৬৫ জন। এদের মধ্যে পাস করেছে ৭৯ হাজার ৯০৫ জন। যার মধ্যে মেয়ে পরীক্ষার্থী ৪৭ হাজার ৩৪৭ জন এবং ছেলে ৩২ হাজার ৫৫৮ জন।

মোট পাসের হার ৭১ দশমিক ১৫ শতাংশ। এ বছর জিপিএ ৫ পেয়েছে সাত হাজার ৯২২ জন।

জিপিএ ৫ প্রাপ্তদের মধ্যে ছেলে দুই হাজার ৯৬৮ জন। আর মেয়ে পরীক্ষার্থীদের মধ্যে জিপিএ ৫ পেয়েছে চার হাজার ৯৫৪ জন। এ বছর পরীক্ষা চলাকালে বিভিন্ন কারণে ৫৭ জন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছিল।

কুমিল্লা শিক্ষা বোর্ড চেয়ারম্যান অধ্যাপক মো. নিজামুল করিম বলেন, এ বছর পরীক্ষার্থীরা ইংরেজিতে খারাপ করেছে বেশি। দেশের পরিস্থিতির কারণে এ বছর সাতটি বিষয়ে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এই সাতটি বিষয়ের প্রাপ্ত ফলাফল এবং এসএসসি পরীক্ষার ফলাফল ম্যাপিংয়ের মাধ্যমে পরীক্ষার্থীদের ফলাফল নির্ণয় হয়েছে এবার। এবার পাসের হার কমে যাওয়ার পেছনে শিক্ষার্থীদের আন্দোলনের পাশাপাশি বন্যা ও প্রাকৃতিক দুর্ভোগের বিষয়টিও রয়েছে। সার্বিক বিষয়ে ছেলেদের চেয়ে মেয়ে শিক্ষার্থীরা এগিয়ে রয়েছে। বোর্ডের মধ্যে এবার দশটি প্রতিষ্ঠানে শতভাগ পাস করেছে আর একজনও পাস করেনি এমন শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা চারটি। ওই প্রতিষ্ঠানগুলোর অবস্থান ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, ফেনী ও চাঁদপুর জেলায়।

কুমিল্লা শিক্ষা বোর্ডের অডিটরিয়ামে সংবাদ সম্মেলনে এবারের এইচএসসি পরীক্ষার ফলাফল ঘোষণা করেন কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. নিজামুল করিম।